

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২৬-আইন/২০২২/১৯৮-মূসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক-তে প্রদত্ত ক্ষমতাবলে ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/ ২০১৯/৪৩-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০১০ এর সেবার কোড S০১০.২০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সেবার কোড এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০১০.২০ “ভবন নির্মাণ সংস্থা:

ব্যাখ্যা।- “ভবন নির্মাণ সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনোভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং অন্য যে কোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর পণের বিনিময়ে ভবন নির্মাণপূর্বক হস্তান্তর বা বিক্রয় বা নির্মিত ভবন বিক্রয় বা হস্তান্তর (পুন:রেজিস্ট্রেশনসহ) কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।”।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(জাকিয়া সুলতানা)
সদস্য (মূসক নীতি)